

# মিরপুর সাইন্স কলেজে নবীনবরণ ও কৃতি শিক্ষার্থী সংবর্ধনা

নিজস্ব প্রতিবেদক

০৩ ডিসেম্বর ২০২৩, ০৯:৪০ পিএম



প্রধানমন্ত্রীর ব্যক্তিগত চিকিৎসক বীর মুক্তিযোদ্ধা ডা. সিরাজুল ইসলাম শিশির। ছবি : সংগৃহীত

মিরপুর সাইন্স কলেজে ২০২৩-২৪ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের নবীনবরণ ও কৃতি শিক্ষার্থী সংবর্ধনা অনুষ্ঠিত হয়েছে। গতকাল  
শনিবার রাজধানীর মিরপুরের পল্লবী ২নম্বর ওয়ার্ড কমিউনিটি সেন্টারে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রীর ব্যক্তিগত চিকিৎসক, শেখ রাসেল গ্যাস্ট্রোলিভার হাসপাতালের  
প্রতিষ্ঠাতা ও ভিজিটিং প্রফেসর বীর মুক্তিযোদ্ধা ডা. সিরাজুল ইসলাম শিশির।

তিনি বলেন, ‘আমরা যুদ্ধ করে দেশ স্বাধীন করেছিলাম তোমাদের জন্য। বৈষম্য ও শোষণের বিরুদ্ধে আমরা যুদ্ধ করার জন্য  
পাকিস্তান থেকে সবকিছু ছেড়ে চলে এসেছিলাম বাংলাদেশে। আর তোমাদের যুদ্ধ হচ্ছে সত্যিকারের মানুষ হওয়ার যুদ্ধ,  
দেশকে গড়ে তোলার জন্য যুদ্ধ।’

বিজ্ঞান ও প্রযুক্তির কথা উল্লেখ করে ডা. সিরাজুল ইসলাম বলেন, ‘বাংলাদেশ আজ বিজ্ঞান ও প্রযুক্তিতে অনেক এগিয়ে যাচ্ছে। আগামীতে এই বিজ্ঞান ও প্রযুক্তির হাত ধরে আমরা এগিয়ে যাব স্মার্ট বাংলাদেশের দিকে।’

মিরপুর সাইন্স কলেজের প্রতিষ্ঠাতা অধ্যক্ষ আনোয়ার হোসেন রিপনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মিরপুর সাইন্স কলেজের উপদেষ্টা এবং অতীশ দীপঙ্কর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. জাহাঙ্গীর আলম, ঢাকা উন্নত সিটি কর্পোরেশনের আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (উপসচিব) মোতাকাবীর আহমেদ, শহীদ আবু তালেব উচ্চ বিদ্যালয়ের সভাপতি ও মিরপুর সাইন্স কলেজের উপদেষ্টা মো. খলিলুর রহমান, ঢাকা উন্নত সিটি কর্পোরেশনের ৩ নম্বর ওয়ার্ড কাউন্সিলর কাজী জহিরুল ইসলাম মানিক, মিরপুর সাইন্স কলেজের সভাপতি বাবলু সরকারসহ আরও অনেকে।